

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পাথরঘাটা, বরগুনা
(আইসিটি শাখা)
www.pathorghata.barguna.gov.bd

পাথরঘাটা উপজেলা আইসিটি কমিটির সেপ্টেম্বর, ২০১৯ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ হুমায়ূন কবির
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ও সময় : ২৯/০৯/২০১৯ খ্রিষ্টাব্দ তারিখে রোজ রবিবার সকাল ১১:০০ ঘটিকায়

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট - “ ক ” দ্রষ্টব্য।

গত ২৫/০৯/২০১৯ তারিখে জনাব জুনাইদ আহমদ পলক, মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বরগুনা জেলার জেলা আইসিটি কমিটির মিটিং এ উপস্থিত থাকেন। তিনি বলেন মাননীয় প্রধানমন্ত্রী জনাব শেখ হাসিনার স্বপ্ন আগামী ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে ডিজিটাল বাংলাদেশে পরিণত করা। এ স্বপ্ন বাস্তবায়নের জন্য মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় কিছু দিকনির্দেশনামূলক বক্তব্য দেন। তিনি বরগুনা জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারগণ কে এসকল দিকনির্দেশনা বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। এর প্রেক্ষিতে পাথরঘাটা উপজেলা আইসিটি কমিটি মিটিং অনুষ্ঠিত হয়। সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি প্রথমেই মাননীয় প্রতিমন্ত্রীর দিকনির্দেশনা গুলো সম্পর্কে সভার সকলকে অবহিত করেন এবং এগুলি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিতে অনুরোধ জানান। সভায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :


ক্র:নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	উপজেলার সকল স্কুল, কলেজ, মাদ্রাসা এর আইসিটি শিক্ষকদের দক্ষতা বৃদ্ধি: এ বিষয়ে আলোচনাকালে মাননীয় সভাপতি মাননীয় প্রতিমন্ত্রীর দিকনির্দেশনার উপর আলোকপাত করে বলেন গত ২৫/০৯/২০১৯ তারিখে জনাব জুনাইদ আহমদ পলক, মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বরগুনা জেলার জেলা আইসিটি কমিটির মিটিং এ সকল আইসিটি শিক্ষকদের দক্ষতা বৃদ্ধির উপর বিশেষ গুরুত্ব দেন। মাননীয় প্রতিমন্ত্রী বলেন উপজেলার সকল আইসিটি শিক্ষকগণকে নিড বেজ প্রশিক্ষণের জন্য প্রাথমিক একটি পরীক্ষা দিয়ে চারটি ক্যাটাগরিতে ভাগ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া	আইসিটি শিক্ষকদের নিজ নিজ দক্ষতা বাড়ানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা আইসিটি কমিটি।



	<p>হবে। চারটি ক্যাটাগরি প্রসঙ্গে তিনি উল্লেখ করেন Very Good: ৮০-১০০, Good: ৬০-৮০, Average: ৪০-৬০, Below the Average: ৪০ এর নিচে। পরবর্তীতে এই পরীক্ষার ফলাফলের উপর ভিত্তি করে তথ্য যোগাযোগ প্রযুক্তি বিভাগ তাদের বিভিন্ন মেয়াদে প্রশিক্ষণ এর ব্যবস্থা গ্রহন করবে বলে তিনি সভায় উল্লেখ করেন।</p>		
২.	<p>শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন: এ বিষয়ে আলোচনাকালে সহকারী প্রোগ্রামার জানান যে, এ উপজেলায় ১০টি শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব রয়েছে। ল্যাব সমূহ নিয়মিত পরিদর্শন করা হচ্ছে এবং ল্যাব পরিচালনায় সংশ্লিষ্টদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। সভাপতি সকল ডিজিটাল ল্যাব সমূহে একটি করে আইসিটি ক্লাব প্রতিষ্ঠার কথা উল্লেখ করেন।</p>	<p>সহকারী প্রোগ্রামার নিয়মিত ল্যাব পরিদর্শন করবেন এবং শিক্ষক ও ছাত্রদের আইসিটি বিষয়ক জ্ঞান বিতরণ করবেন।</p>	<p>উপজেলা সহকারী প্রোগ্রামার।</p>
৩.	<p>উপজেলা ও ইউনিয়ন এর ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ: এ উপজেলার প্রতিটি অফিসের নিজস্ব ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এ সংক্রান্ত প্রশিক্ষণের ব্যাপারেও সভায় আলোচনা করা হয়।</p>	<p>প্রতিটি দপ্তরের ওয়েব পোর্টাল সংক্রান্ত যাবতীয় তথ্য হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>দপ্তর প্রধানগণ।</p>
৪.	<p>ই-নথি কার্যক্রম সচল করা: এ উপজেলার সকল সরকারি দপ্তরে ই-নথি কার্যক্রম শুরু করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।</p>	<p>প্রতিটি ই-নথি কার্যক্রম শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>দপ্তর প্রধানগণ, সহকারী প্রোগ্রামার।</p>
৪	<p>ইউডিসি'র কার্যক্রম সংক্রান্ত তথ্য আপলোড: এ সভায় ইউডিসি'র কার্যক্রম এবং তাদের যাবতীয় কার্যক্রম আপলোড এর বিষয়ে আলোচনা করা হয়।</p>	<p>উদ্যোক্তাগণকে ইউডিসি এর কার্যক্রম সংক্রান্ত সকল তথ্য আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে অনুরোধ করা হয়।</p>	<p>ইউডিসি উদ্যোক্তাগণ</p>
৫	<p>উপজেলা আইসিটি কমিটির মিটিং: প্রতি মাসে উপজেলা আইসিটি কমিটির মিটিং আয়োজনের বিষয়ে সভায় আলোচনা করা হয়।</p>	<p>উপজেলা আইসিটি কমিটির মিটিং নিয়মিত আয়োজন এবং কমিটির সকল সদস্যের উপস্থিতি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা সহকারী প্রোগ্রামার।</p>



সভায় আর কোন আলচনানা থাকায় সভাপতি আইসিটি নির্ভর বাংলাদেশ গড়ার লক্ষ্যে আইসিটি বিষয়ক কার্যক্রমকে ত্বরান্বিত করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন এবং উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ হুমায়ূন কবির)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি, উপজেলা আইসিটি কমিটি

পাথরঘাটা, বরগুনা

টেলিফোনঃ ০৪৪৫৫-৭৫০১৪

ই-মেইলঃ unopatharghata@mopa.gov.bd

স্মারক নং - ৫৬.০৪.০৪৮৫.০০০.০০৬.০০১.১৯-০১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ২। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক। বরগুনা।
- ৪। উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সদস্য,
পাথরঘাটা, বরগুনা।
- ৫। অফিস কপি।